# আশুতোষ কলেজ

৯২, এস. পি. মুখার্জি রোড, কলকাতা- ৭০০০২৬



## আশুতোষ কলেজ বাংলা বিভাগ
## ও
## আশুতোষ কলেজ ছাত্র সংসদের
## যৌথ উদ্যোগে আয়োজিত

# আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ২০২২




## "আমার ভাইয়ের রক্তে রাঙানো ২১শে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি?"

এই কথাগুলোর মাধ্যমে আমরা স্মরণ করি সেই ভাষা শহিদদের যাঁরা মাতৃভাষার জন্য নিজেদের প্রাণ উৎসর্গ করেছিলেন। ১৯৪৭ সালে ইংরেজ শাসনের অবসানের পর পূর্ববঙ্গ ও পশ্চিম পঞ্জাব মিলিয়ে তৈরি হয়েছিল পাকিস্তান রাষ্ট্র। পশ্চিম পঞ্জাব পরিচিত হয় পশ্চিম পাকিস্তান নামে ও পূর্ববঙ্গ পরিচিত হয় পূর্ব পাকিস্তান নামে। সেই সময় থেকেই শুরু হয় পাকিস্তানের দুই প্রদেশের মধ্যে ভাষাগত সংঘাত। পশ্চিম পাকিস্তানে উর্দু ভাষা প্রভাবিত পাকিস্তানের কেন্দ্রীয় সরকার পূর্ব পাকিস্তান তথা পূর্ববঙ্গের (বর্তমানে বাংলাদেশ) বাংলা ভাষাকে রাষ্ট্রভাষার যথাযোগ্য মর্যাদা দান থেকে বিরত থাকেন এবং বাংলা ভাষাভাষী মানুষদের উপর উর্দু ভাষাকে বলপূর্বক চাপিয়ে দেওয়ার চেষ্টা করতে থাকেন। ১৯৪৮ সালের মার্চ মাসের ২১ তারিখে মহম্মদ আলী জিন্নাহ ঢাকার রেসকোর্স ময়দানে তাঁর প্রথম নাগরিক সংবর্ধনার মঞ্চে উর্দু ভাষাকেই পাকিস্তানের রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দিলে ছাত্রসহ অন্যান্য নাগরিকরা প্রতিবাদে ফেটে পড়েন। এই প্রতিবাদের ধারা প্রলম্বিত হয় ১৯৫২ সাল পর্যন্ত। ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি প্রতিবাদী ছাত্ররা ১৪৪ ধারা ভেঙে ঢাকার রাজপথে মিছিল করলে তাঁদের ওপর নির্বিচারে গুলি চালানো হয়। শহিদ হন সালাম, বরকত, রফিক, জব্বর এবং আরও অনেকে। এই রক্তক্ষয়ী আন্দোলনের ফলস্বরূপ পাকিস্তান সরকার ১৯৫৬ সালের ২৯ ফেব্রুয়ারি উর্দু ভাষার পাশাপাশি বাংলা ভাষাকেও সমান মর্যাদা দিয়ে রাষ্ট্রভাষা হিসাবে যথাযোগ্য সম্মান প্রদর্শন করেন। বাঙালির রক্তের বিনিময়ে বাঙালির মাতৃভাষার মর্যাদা পূর্ণ প্রতিষ্ঠিত হয়। এই ভাষাশহিদদের স্মরণেই ১৯৯৯ সালে 'ইউনেস্কো' ২১শে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসাবে স্বীকৃতি প্রদান করেন। আপামর বাঙালির কাছে এই দিন তাই অত্যন্ত গর্বের, শ্রদ্ধার ও ভালোবাসার।

প্রতি বছরের মতো এবারও ২১শে ফেব্রুয়ারি সেই ভাষাশহিদদের স্মরণে আশুতোষ কলেজের 'বাংলা বিভাগ' ও 'ছাত্র সংসদে'র যৌথ উদ্যোগে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' পালিত হবে।



**- ইভেন্ট অর্গানাইজিং কমিটি**

# আশুতোষ কলেজ

৯২, এস. পি. মুখার্জি রোড, কলকাতা- ৭০০০২৬



### আশুতোষ কলেজ বাংলা বিভাগ
### ও
### আশুতোষ কলেজ ছাত্র সংসদের
### যৌথ উদ্যোগে আয়োজিত

## আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ২০২২




**"আমার ভাইয়ের রক্তে রাঙানো ২১শে ফেব্রুয়ারি,**
**আমি কি ভুলিতে পারি?"**

## অনুষ্ঠান সূচি

► প্রথম পর্ব: শহিদ বেদীতে পুষ্পার্ঘ্য নিবেদনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা।

► দ্বিতীয় পর্ব: শিক্ষক, শিক্ষাকর্মী ও ছাত্র-ছাত্রীদের সম্মিলিত সাংস্কৃতিক স্মরণ অনুষ্ঠান।

► তৃতীয় পর্ব: পাঠক্রম বহির্ভূত বিভিন্ন বিষয়ের প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান ২০২২।

স্থান: আশুতোষ কলেজ বিবেক প্রাঙ্গণ

সময়: সকাল ১১টা

- ইভেন্ট অর্গানাইজিং কমিটি


আশুতোষ কলেজ ছাত্র সংসদ ও
আশুতোষ কলেজ বাংলা বিভাগের


Samsung Triple Camera
Shot By Nick Verse


Samsung Triple Camera
Shot By Nick Verse


আশুতোষ কলেজ ছাত্র সংসদ ও
আশুতোষ কলেজ বাংলা বিভাগের


আমার ভাইয়ের রক্তে রাঙানো ২১শে ফেব্রুয়ারি আমি কি ভুলিতে পারি ?
আশুতোষ কলেজ ছাত্র সংসদ ও
আশুতোষ কলেজ বাংলা বিভাগের

২১ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে আশুতোষ কলেজের বাংলা বিভাগ এবং আশুতোষ কলেজ ছাত্র সংসদের যৌথ উদ্যোগে কলেজের বিবেক প্রাঙ্গণে উদযাপিত হয় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। কলেজের মূল ভবনের প্রবেশপথে অস্থায়ীভাবে নির্মিত ভাষাশহিদ-বেদিতে পুষ্প-অর্পণ ক'রে সকলে পৌঁছে যান বিবেক প্রাঙ্গণে। তারপর শুরু হয় অনুষ্ঠানের মূলপর্ব। উপস্থিত ছিলেন আশুতোষ কলেজের সহ-অধ্যক্ষ অধ্যাপক অপূর্ব রায়। বার্সার ড. মানস কবিও উপস্থিত ছিলেন। এছাড়াও ছিলেন অন্যান্য অধ্যাপক-অধ্যাপিকা এবং ছাত্রছাত্রীরা। নাচ, গান, আবৃত্তি এবং কবিতাপাঠের মধ্য দিয়ে প্রায় সাতঘন্টাব্যাপী এই অনুষ্ঠান চলেছিল। অংশগ্রহণ করেছিলেন অধ্যাপক-অধ্যাপিকা এবং ছাত্রছাত্রীরা।